

৬৩/৬৩

তারিখ:
 পৃষ্ঠা: ৫ কলাম:

১৩/১১/১৯৬৩

সিলেট বোর্ডের মেধা তালিকায় সিলেট জেলার পরীক্ষার্থীদের প্রাধান্য

সিলেট অফিস : সিলেট শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষার পাসের হার ২৮.৬৯%। এ বোর্ডের অধীনে এ বছর দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া মোট ১৫ হাজার ২০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ৩২২ জন উত্তীর্ণ হয়েছে। এতে মধ্যে-প্রথম বিভাগে ৭১৫ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ৫৫৮ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ৮৯ জন পাস করেছে। গত বছর সিলেট বোর্ডে পাসের হার ছিল ৩০.৬৩%। এ বছর বিজ্ঞানে মোট ৪ হাজার ১২৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৬৯ জন প্রথম বিভাগ, ৮১২ জন দ্বিতীয় বিভাগ, ৫০ জন তৃতীয় বিভাগ পেয়ে পাস করেছে। বিজ্ঞানে পাসের হার ৩২.২৪%। বিজ্ঞানে সিলেটে ক্যাডেট কলেজ ও জাদালাবা-ক্যান্টনমেন্ট পাবলিক কলেজের ফলাফল খুবই ভালো। এ দু'কলেজের বিজ্ঞান বিভাগের সকল পরীক্ষার্থীই প্রথম বিভাগ পেয়েছে। তবে সম্মিলিত মেধা তালিকায় হতাশাজনক ফলাফল করেছে সিলেট ক্যাডেট কলেজ। প্রথম এবং প্রথমসহ মোট ৫টি স্থান লাভ করেছে এ কলেজের ৬ জন ছাত্র। গতবছর তাদের ১৬ জন ছাত্র প্রথম, দ্বিতীয়, চতুর্থ, প্রথমসহ ১১টি স্থান দখল করেছিল। এ বছর বিজ্ঞানে সবচেয়ে ভালো ফলাফল করেছে সিলেট এমসি

কলেজ। প্রথম স্ক্রম, নবম এবং চতুর্থস্থ স্থান ছাড়া সম্মিলিত মেধা তালিকার বাকি সবগুলোই এ কলেজের ছাত্রছাত্রীরা পেয়েছে। এছাড়া মেয়েদের জন্য পৃথক মেধা তালিকার সবগুলোই এমসি কলেজের দখলে। গত বছর সম্মিলিত তালিকার ষষ্ঠ এবং মেয়েদের মধ্যে নবম স্থান ছাড়া আর কোনো স্থান পায়নি এমসি কলেজ। মানবিকের মোট ৯ হাজার ২৬০ জনের মধ্যে ১৯৪ জন প্রথম বিভাগ, ১ হাজার ৩৩৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৮২৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার ২৮.৪৬%। মানবিক বিভাগে সবচেয়ে ভালো ফলাফল করেছে সিলেট সরকারি মহিলা কলেজ। সম্মিলিত মেধা তালিকার প্রথম তিনটিসহ মোট ৯টি স্থান মহিলা কলেজেই দখলে। এছাড়া মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল সরকারি কলেজ ৪টি, মৌলভীবাজার সরকারি কলেজ ৩টি এবং হবিগঞ্জ দু'দফন কলেজ ৩টি করে মেধা তালিকায় স্থান পেয়েছে। ব্যবসায় শিক্ষা বিভাগের মোট ১ হাজার ৮১৬ জনের মধ্যে প্রথম বিভাগ ৫২ জন, দ্বিতীয় বিভাগ ৪০৯ জন এবং তৃতীয় বিভাগে ২১২ জন পাস করেছে। পাসের হার ৩৭.০৬%। এ বিভাগে সিলেট খদনমোহন কলেজের ফলাফল সবচেয়ে ভালো। সম্মিলিত মেধা তালিকার প্রথম ও

চতুর্থ স্থানসহ মোট ৮টি স্থান তাদের দখলে। গতবছর প্রথম, দ্বিতীয়, তৃতীয়সহ মোট ৬টি স্থান পেয়েছিল তারা। এছাড়া হবিগঞ্জ দু'দফন কলেজ ৫টি, অলিম্ শেবহান চৌধুরী কলেজ ৩টি, সিলেট সরকারি কলেজ ২টি, সুনামগঞ্জ সরকারি কলেজ ২টি করে মেধা তালিকায় স্থান পেয়েছে। এদিকে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষায় সম্মিলিত মোট ৬০টি মেধা তালিকা ও মেয়েদের জন্য পৃথক ৩০টি মেধা তালিকায় স্থান পাওয়া ১০৬ জন ছাত্রছাত্রীর মধ্যে সিলেটের ৭০ জন, হবিগঞ্জের ২০ জন, মৌলভীবাজার জেলায় ১২ জন এবং সুনামগঞ্জের ৪ জন। এবারের ফলাফলে মেয়েদের পাসের হার ছেলেদের চেয়ে বেশি। মেয়েদের পাসের হার ২৯.৩২%। গত বছরের তুলনায় এবার পাসের হার কম হলেও সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ফলাফলকে সন্তোষজনক হিসেবে উল্লেখ করেছেন। পরীক্ষা নিয়ন্ত্রক বঙ্গবন্ধু সালিম বলেন, এ বছর নকলমুক্ত পরিবেশে পরীক্ষা নেওয়ার ফলেই পাসের হার কম হয়েছে। তবে সারা দেশের তুলনায় ফলাফলকে বিপর্যয়কর বলা যাবে না। একই মত সিলেট ক্যাডেট কলেজের অধ্যক্ষ লে. কর্নেল শাহ মর্জুজা আমীরও।